

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ী, ফরিদপুর।
faridpurdaedd@gmail.com

স্মারক নং- ৪৬৭ (২০)

তারিখ : ২৫/০৭/২০২০

বিষয় : প্রণোদনার আওতায় ৪% সুদে কৃষি ঋন গ্রহণে আগ্রহী কৃষকদের তালিকা প্রনয়ণ।

সূত্র : কৃষি মন্ত্রণালয়ের ১০.০৫.২০ তারিখের ১২.০০.০০০০.০২৪.৯৯.০০৩.০৯.১৮১ নং স্মারক।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নভেল করোনা ভাইরাস উদ্ভূত পরিস্থিতি মোকাবিলায় কৃষকের অনুকূলে প্রণোদনা সুবিধার আওতায় বাংলাদেশ ব্যাংক শস্য ও ফসল খাতে ৪% রেয়াতি সুদে প্রায় ১৪৫০০ কোটি টাকা কৃষি ঋন প্রদানের ঘোষণা দিয়েছে। এছাড়া ফুল ও ফল চাষ, মৎস্য চাষ, ডেইরী ও প্রোলিথ্রি খাতে ৪% সুদে আরও ৫০০০ কোটি টাকার বিশেষ প্রণোদনা ক্ষিম গঠন করা হয়েছে। এ টাকার সদ্যবহার করে কৃষি খাতের ক্ষয়ক্ষতি কাঠিয়ে উঠা সম্ভব হবে। বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋন সংক্রান্ত নীতিমালা।

- (১) কৃষি কাজে সরাসরি নিয়োজিত ক্ষুদ্র, প্রান্তিক ও বর্গাচারী সহ অন্যান্য কৃষক।
- (২) একক বা দলবদ্ধ ভাবে।
- (৩) একজন কৃষক সর্বোচ্চ ১৫ বিঘা/৫ একর/২ হেক্টর পর্যন্ত চাষাবাদের জন্য আমানত বিহীন ফসল দ্বায়বন্ধনের মাধ্যমে (এর অধিক হলে ব্যাংকের প্রচলিত শর্তে)।
- (৪) ঋনের খাত : ধান, গম, ডাল, তৈলবীজ, শাকসবজি, মসলা, ফুল, ফুল, কন্দাল ফসল, অর্থকারী ফসল, কৃষি যন্ত্রপাতি, সেচ যন্ত্রপাতি, বীজ উৎপাদন, শস্য গুদাম ও বাজার জাত করন, দারিদ্র্য বিমোচন ও আয় উৎসারী কর্মকান্ড এবং অন্যান্য খাত (যেমন-অপ্রচলিত ফসল)।

এ প্রেক্ষিতে ঋন গ্রহণে আগ্রহী প্রকৃত কৃষকদের তালিকা প্রণয়ন করা প্রয়োজন। নিম্নোক্ত ছকপ্রত্র মোতাবেক আগামী ১৯/০৭/২০ তারিখের মধ্যে তালিকা প্রস্তুত পূর্বক উপপরিচালক, ডিএই, ফরিদপুর বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উক্ত তালিকা জেলা কৃষি ঋন কমিটির সভায় উপস্থাপন ও হস্তান্তর করা হবে।

ক্র:নং	নাম ও ঠিকানা	ফসলের নাম	ফসলের আওতাভুক্ত জমির পরিমাণ	জমির ধরণ নিজস্ব/বর্গা/লিজ	মোবাইল নম্বর	এনআইডি নম্বর	পূর্বে কোন ব্যাংক থেকে কৃষি ঋন গ্রহণ করে থাকলে তার বিবরণ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯

উপজেলা কৃষি অফিসার (সকল),
....., ফরিদপুর।


২৫.৭.২০
উপপরিচালক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ী, ফরিদপুর।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

১। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফরিদপুর অঞ্চল, ফরিদপুর।

lokal disk g/sorisha